

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রণালয়
স্বাস্থ্যসেবাবিভাগ
(নার্সিং সেবা-২ অধিশাখা)
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন হাসপাতাল/ স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত বিভিন্ন শ্রেণীর নার্সিং কর্মকর্তা/সেবক/সেবিকা/মিডওয়াইফারিদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের সংশোধিত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১২-০১-২০২০ তারিখে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আসাদুল ইসলাম,
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
তারিখ : ১২-০১-২০২০ খ্রি:
সময় : বেলা ০৩:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের মিনি-সভাকক্ষ
উপস্থিতি : “পরিশিষ্ট-“ক” তে দেখানো হলো।

আলোচনাঃ

সভার সভাপতি মহোদয় শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করার জন্য অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)-কে অনুরোধ করেন।

অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) তার বক্তব্যে বলেন যে, বাস্তবতার নিরিখে সেবক-সেবিকাদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের বিদ্যমান নীতিমালাটি সংশোধন ও যুগোপযোগী করা প্রয়োজন এবং এ লক্ষ্যে উপস্থিত সদস্যগণকে আলোচনা করার জন্য আহ্বান জানান।

সে প্রেক্ষিতে জনাব মোহাম্মদ আবদুল হাই, পরিচালক (পিএন), বলেন যে, ডিজিএনএম এর পূর্বে গঠিত কমিটিতে সদস্য হিসেবে উপপরিচালকগণ-এর পরিবর্তে পরিচালক পদমর্যাদার কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করা যেতে পারে।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণও আলোচ্য “সেবা পদক নীতিমালা ২০২০” এর বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

পরবর্তীতে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সংযুক্তি ‘ক’-তে বর্ণিত “সেবা পদক নীতিমালা-২০২০” চূড়ান্ত করতে হবে।
- ২) নীতিমালা অনুযায়ী সেবা পদক প্রদানের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য ডিজিএনএম-কে নির্দেশনা দিতে হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:

মোঃ আসাদুল ইসলাম

২৬/০১/২০২০ খ্রি:

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২২.০০৪.১৯- ০৬/৩৬)

তারিখ: ২৮ জানুয়ারী ২০২০
১৪ মাঘ ১৪২৬


অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য:

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. প্রতিনিধি (মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)।
৮. রেজিস্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয় নগর, ঢাকা।

অনুলিপি:

১. উপসচিব (নার্সিং-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা,
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩. অফিস কপি।


(তামুর আহমেদ)
উপসচিব
ফোন নং-৯৫১১০২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(নার্সিং সেবা-২ অধিশাখা)
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২২.০১২.১৯-০৭

তারিখ: ২৬/০১/২০২০ খ্রি:

“সেবা পদক নীতিমালা-২০২০”

শিরোনামঃ এ নীতিমালা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত বিভিন্ন শ্রেণির নার্সিং কর্মকর্তা/সেবক/সেবিকা/মিডওয়াইফারিদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ “সেবা পদক নীতিমালা ২০২০” নামে অভিহিত হবে।

২। প্রযোজ্যতাঃ এ নীতিমালা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত (ক) সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক/ডিসট্রিক্ট পাবলিক হেলথ নার্স/সহকারী পরিচালক (খ) নার্সিং সুপারভাইজার (গ) সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/সহকারী নার্স এবং মিডওয়াইফ এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। সেবা পদক ক্যাটাগরি এবং পুরস্কারঃ এ পুরস্কার নিম্নোক্ত ক্যাটাগরিতে প্রদেয় হবে:

| ক্যাটাগরি | পুরস্কার | | | |
|---|-------------------------------|-------|---------|---------------------------|
| | স্বর্ণ | রৌপ্য | ব্রোঞ্জ | সনদপত্র |
| সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক/ডিসট্রিক্ট পাবলিক হেলথ নার্স/ সহকারী পরিচালক | ০১ | ০১ | ০১ | সকলের জন্য প্রযোজ্য |
| নার্সিং সুপারভাইজার | ০১ | ০১ | ০১ | |
| সিনিয়র স্টাফ নার্স/স্টাফনার্স/সহকারী নার্স/মিডওয়াইফ | ০৩ | ০৩ | ০৩ | |
| মোট | (৩+৩+৯)=১৫টি পদক এবং সনদ পত্র | | | |

৪। নির্বাচন পদ্ধতিঃ স্থানীয় নির্বাচন কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত নার্সিং কর্মকর্তাদের মধ্য থেকে মন্ত্রণালয় নির্বাচন কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নার্সিং কর্মকর্তা নির্বাচন করা হবে। নিম্নোক্ত কমিটি প্রার্থী বাছাই/মনোনয়ন করবেনঃ

ক. জেলা কমিটিঃ

- | | |
|--|------------|
| ১) সিভিল সার্জন | সভাপতি |
| ২) আরএমও /মেডিকেল অফিসার | সদস্য |
| ৩) জেলা পাবলিক হেলথ নার্স | সদস্য |
| ৪) নার্সিং সুপারভাইজার (তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫) সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক | সদস্য সচিব |

কমিটি কার্যপরিধিঃ

- উপজেলা ও জেলা হাসপাতাল হতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে প্রতি পদকের বিপরীতে ০৩ জন করে মোট ১৫ জন প্রার্থীর মনোনয়ন নির্ধারিত সময়ের মধ্যে ডিজিএনএম-এ প্রেরণ।
- জেলার শ্রেষ্ঠ সেবক/সেবিকা/মিডওয়াইফ নির্বাচনঃ কমিটি নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত/বিবেচিত ০১ জন প্রার্থীকে জেলায় বছরের শ্রেষ্ঠ সেবক/সেবিকা/মিডওয়াইফ হিসেবে মনোনয়ন প্রদান করবে। শ্রেষ্ঠ সেবক/সেবিকা/মিডওয়াইফ-কে বছরের সুবিধাজনক সময়ে যে কোন স্বাস্থ্য সেবা সম্পর্কিত অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী/ মাননীয় প্রতিমন্ত্রী/ মাননীয় উপমন্ত্রী/ স্থানীয় মাননীয় সংসদ সদস্য/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা/ জেলা প্রশাসক এর মাধ্যমে একটি ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হবে।

খ. মেডিকেল কলেজ হাসপাতাল কমিটিঃ

| | |
|--|------------|
| ১) পরিচালক/উপ-পরিচালক | সভাপতি |
| ২) প্রফেসর/ বিভাগীয় প্রধান (০১ জন যে কোন বিভাগ হতে) অধ্যক্ষ কর্তৃক মনোনীত | সদস্য |
| ৩) অধ্যক্ষ, নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট | সদস্য |
| ৪) আর পি/আর এস (পরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫) সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক | সদস্য-সচিব |

কমিটি কার্যপরিধিঃ

- প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে প্রতি পদকের বিপরীতে ০৩ জন করে মোট ১৫ জন প্রার্থীর মনোনয়ন নির্ধারিত সময়ের মধ্যে ডিজিএনএম-এ প্রেরণ।

গ. বিশেষায়িত হাসপাতাল কমিটিঃ

| | |
|--|------------|
| ১) পরিচালক/উপ-পরিচালক | সভাপতি |
| ২) প্রফেসর/ বিভাগীয় প্রধান (০১ জন যে কোন বিভাগ হতে) অধ্যক্ষ কর্তৃক মনোনীত | সদস্য |
| ৩) আরপি/আর এস | সদস্য |
| ৪) নার্সিং সুপারভাইজার (সেবা তত্ত্বাবধায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫) সেবা তত্ত্বাবধায়ক/সেবা-উপ তত্ত্বাবধায়ক | সদস্য-সচিব |

কমিটি কার্যপরিধিঃ

- প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে প্রতিপদকের বিপরীতে ০৩ জন করে মোট ১৫ জন প্রার্থীর মনোনয়ন নির্ধারিত সময়ের মধ্যে ডিজিএনএম-এ প্রেরণ।

ঘ. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ডিজিএনএম) কমিটিঃ

| | |
|--|------------|
| ১) মহাপরিচালক | সভাপতি |
| ২) পরিচালক (প্রশাসন) | সদস্য |
| ৩) পরিচালক (শিক্ষা) | সদস্য |
| ৪) পরিচালক (শৃংখলা) | সদস্য |
| ৫) উপ-পরিচালক/সহকারী পরিচালক (প্রশাসন) | সদস্য-সচিব |

কমিটি কার্যপরিধিঃ

- সারাদেশের জেলা/ মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল কমিটি হতে প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে একটি স্বর্ণ পদকের বিপরীতে ০৩ জন, একটি রৌপ্য পদকের বিপরীতে ০৩ জন এবং একটি ব্রোঞ্জ পদকের বিপরীতে ০৩ জন করে মোট ৪৫ (পয়তাল্লিশ) জন প্রার্থীর মনোনয়ন যাবতীয় তথ্যাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর প্রেরণ।

ঙ. চূড়ান্ত নির্বাচনী কমিটিঃ

| | |
|--|------------|
| ১) অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ | সভাপতি |
| ২) অতিরিক্ত সচিব/ যুগ্ম সচিব (নার্সিং শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৩) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪) যুগ্ম সচিব/ উপসচিব (নার্সিং সেবা-১) স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৫) বেসরকারি বিশেষজ্ঞ প্রতিনিধি (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা | সদস্য |
| ৭) উপসচিব/সিনিয়র সহকারী সচিব (নার্সিং সেবা-২) স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য-সচিব |



কমিটি কার্যপরিধিঃ

- মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা হতে প্রেরিত আবেদন যাচাই-বাছাই করে ০৩ (তিন)টি ক্যাটাগরিতে স্বর্ণ ০৫টি, রৌপ্য ০৫টি ও ব্রোঞ্জ ০৫টিসহ মোট ১৫ জন প্রার্থীকে চূড়ান্তভাবে সুপারিশ প্রদান। অতঃপর স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের মনোনয়ন অনুমোদনক্রমে চূড়ান্ত করবে।

৫। মনোনয়ন/ আবেদন পত্র প্রক্রিয়াকরণের পদ্ধতি ও সময়সূচিঃ

| কার্যক্রম | পদ্ধতি | সময় |
|--|---|-----------------|
| আবেদন পত্র আশ্রান | প্রিন্ট মিডিয়া/ওয়েবসাইট | ০১-০৭ জানুয়ারি |
| জেলা/ মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল কমিটি কর্তৃক প্রার্থী মনোনয়ন | প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে প্রতি পদকের বিপরীতে ০৩ জন করে মোট ১৫ জন প্রার্থীর নাম সুপারিশ | ০৫ ফেব্রুয়ারি |
| ডিজিএনএম কমিটি কর্তৃক প্রার্থী মনোনয়ন | জেলা/ মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হতে একটি স্বর্ণ পদকের বিপরীতে ০৩ জন, একটি রৌপ্য পদকের বিপরীতে ০৩ জন এবং একটি ব্রোঞ্জ পদকের বিপরীতে ০৩ জন করে মোট ৪৫ (পঁয়তাল্লিশ) জন প্রার্থীর মনোনয়ন যাবতীয় তথ্যাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর প্রেরণ | ০৫ মার্চ |
| চূড়ান্ত কমিটি কর্তৃক প্রার্থী মনোনয়ন | মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা হতে আবেদন যাচাই বাছাই করে ০৩ (তিন) টি ক্যাটাগরিতে স্বর্ণ ০৫ টি, রৌপ্য ০৫ টি ও ব্রোঞ্জ ০৫ টি সহ মোট ১৫ জন প্রার্থীকে চূড়ান্তভাবে সুপারিশ প্রদান। | ৩১ মার্চ |
| পুরস্কার প্রদান | ডিজিএনএম আনুষ্ঠানিকভাবে পদক প্রদানের আয়োজন করবে। | ০৫-১২ মে |

৬। নম্বর প্রদানের সূচকসমূহ (Indicators):

| নং | সূচক | নম্বর |
|-----|--|-------|
| ১. | সততা, শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা | ১০ |
| ২. | ডেসকোড | ১০ |
| ৩. | পেশাগত জ্ঞান, বিশেষ প্রশিক্ষণ ও গবেষণা | ১০ |
| ৪. | তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা | ১০ |
| ৫. | রোগী ও রোগীর অভিভাবকদের সাথে শ্রদ্ধাশীল ও আন্তরিক আচরণ | ১০ |
| ৬. | রোগীর তথ্যাদি সংরক্ষণ এবং রিপোর্টিংসহ প্রশাসনিক ব্যবস্থাপনায় পারদর্শী | ১০ |
| ৭. | বেড মেকিং এবং হাইজিন ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ |
| ৮. | জাতীয় দুর্যোগে দায়িত্ব পালনে তৎপরতা | ১০ |
| ৯. | রোগীর সেবায় Innovative Idea প্রয়োগ (ন্যূনতম ১টি) | ১০ |
| ১০. | অব্যবহিত পূর্ববর্তী ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ক-১: ৮-১০) (ক: ৬-৭) (খ: ৪-৫) (গ: ১-৩) | ১০ |

(Handwritten mark)

৭। শর্তাবলীঃ

- প্রার্থীদের মোট চাকরিকাল ন্যূনতম ০৫ (পাঁচ) বছর হতে হবে। কোন প্রার্থীকে একই পদে দ্বিতীয় বার পুরস্কার প্রদানের জন্য বিবেচনা করা যাবে না। একবার পুরস্কার প্রাপ্তির পর পরবর্তী ০৫(পাঁচ) বছর পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না এবং চাকরি জীবনে ০২ (দুই) বারের বেশী পুরস্কার দেয়ার জন্য বিবেচিত হবেন না;
- প্রার্থীদের নেশা ও মাদক জাতীয় দ্রব্যাদি সেবন থেকে মুক্ত থাকতে হবে এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক সকল প্রকার রেজিস্ট্রেশন হাল নাগাদ থাকতে হবে;
- কোন প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয়/ ফৌজদারী মামলা বিচারার্থীন বা চলমান থাকলে তাকে পুরস্কার প্রদানের জন্য বিবেচনা করা যাবে না;
- কোন প্রার্থীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;
- মূল্যায়নের পর একাধিক প্রার্থী একই নম্বর পেলে লটারি ভিত্তিতে প্রার্থী নির্বাচন করতে হবে;
- বর্ণিত ৩টি (ক, খ, গ) কমিটি তাদের প্রার্থী নির্বাচনপূর্বক তার স্বপক্ষে যুক্তি ও প্রমাণাদি (প্রেজেন্টেশন) ডিজিএনএম বরাবর এবং ডিজিএনএমও প্রার্থী নির্বাচনের স্বপক্ষে প্রেজেন্টেশনসহ তালিকা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে।

৮। এ নীতিমালা জারির পরিপ্রেক্ষিতে এতদসংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/নীতিমালা বাতিল বলে গণ্য হবে এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত:

মোঃ আসাদুল ইসলাম

২৬/০১/২০২০ খ্রি:

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২২.০০৪.১৯-০৭/১(৯)

তারিখ: ২৬/০১/২০২০ খ্রি:

১৪ মাঘ ১৪২৬

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য:

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. প্রতিনিধি (মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)।
৮. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল. স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. রেজিস্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয় নগর, ঢাকা।

অনুলিপি অবগতির জন্য:

১. উপসচিব (নার্সিং-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা,
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

(তানভীর আহমেদ)

উপসচিব

ফোন নং-৯৫১১০২৭